



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৬-২৯৩

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ।
০৭ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিত ৮ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে বিগত ২৮ জুলাই ২০১৯ তারিখে ৮ম ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণী বিএডিসি'র ওয়েব (www.badc.gov.bd) সাইটে পাওয়া যাবে।

(Signature)
০৭.০৮.১৯

মোঃ শাহিন মিয়া

উপপরিচালক

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), সেচভবন, মানিক মিয়া এভিনিউ, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৮. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
০৯. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১১. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১২. উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা।
১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), সেচভবন, মানিক মিয়া এভিনিউ, শেরেবাংলা নগর, ঢাকা।

১৪. যুগ্মপরিচালক (সার), বিএডিসি (ঢাকা/টাংগাইল/জামালপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ফরিদপুর/সিলেট/কুষ্টিয়া/চট্টগ্রাম/রাংগামাটি/বান্দরবান/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/সিরাজগঞ্জ/বগুড়া/রংপুর/দিনাজপুর/খুলনা/যশোর/বরিশাল)।
১৫. যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, (ঢাকা/চট্টগ্রাম/যশোর/রাজশাহী/সিলেট/বরিশাল)।
১৬. যুগ্মপরিচালক (উদ্যান), বিএডিসি (গাজীপুর/রাজশাহী/যশোর/চট্টগ্রাম)।
১৭. যুগ্মপরিচালক (খামার), বিএডিসি, দত্তনগর, মহেশপুর, ঝিনাইদহ।
১৮. যুগ্মপরিচালক (বীপ্রকে), বিএডিসি(ঢাকা/ফরিদপুর/কুমিল্লা/দিনাজপুর/চুয়াডাঙ্গা/টাঙ্গাইল/চট্টগ্রাম/পাবনা/রংপুর)।
১৯. যুগ্মপরিচালক (কন্ট্রাক্ট গ্রোয়ার্স), বিএডিসি (ঢাকা/বগুড়া)।
২০. যুগ্মপরিচালক (পাটবীজ), বিএডিসি (ঢাকা/মেহেরপুর/দিনাজপুর/যশোর)।
২১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা), বিএডিসি (ঢাকা/সিলেট/ফরিদপুর/রংপুর/পাবনা/টাংগাইল/কিশোরগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা/বরিশাল/যশোর/বগুড়া/চট্টগ্রাম)।
২২. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি (ঢাকা/টাংগাইল/জামালপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ফরিদপুর/সিলেট/কুষ্টিয়া/চট্টগ্রাম/রাংগামাটি/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/বগুড়া/রংপুর/দিনাজপুর/খুলনা/যশোর/বরিশাল/পটুয়াখালী/পাবনা/চুয়াডাঙ্গা)।

২৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিত ৮ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: জনাব মোঃ সায়েদুল ইসলাম, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	: ২৮ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ; বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান	: সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	: পরিশিষ্ট – ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়) বিগত ২৯ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত ৭ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর দৃষ্টিকরণ করার জন্য উপস্থাপন করেন। উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। উপপরিচালক (সমন্বয়) বিগত ২৯ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত ৭ম ত্রৈমাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট সংক্রান্ত।	নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের মাঠ পর্যায়ে পদায়ন করা হচ্ছে। কৃষি মন্ত্রণালয় হতে সর্বমোট ১২৪টি পদে নিয়োগের ছাড়পত্র পাওয়া গেছে। আরো ১৭৪টি পদে ছাড়পত্র প্রাপ্তির জন্য কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে মাঠ পর্যায়ে জনবল পদায়ন করা হবে। সভাপতি শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংস্থাপন বিভাগ এবং আইন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে। খ. বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ ০২. সংস্থাপন বিভাগ ০৩. আইন বিভাগ।
০২.	বিএডিসি'র মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি বরাদ্দ সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, বিগত ২০১৮-১৯ অর্থ বছরে ছয়টি গাড়ি মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়েছে। রাজস্ব বাজেটের আওতাধীন ২০১৯-২০ অর্থ বছরে মোট সাতটি গাড়ি ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বিএডিসি'র চলমান	ক. বিএডিসি'র সমাপ্ত প্রকল্পের গাড়িসমূহ সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তর করতে হবে। সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক প্রকল্পের গাড়িসমূহ বিএডিসি'র TO&E তে অন্তর্ভুক্তপূর্বক চেয়ারম্যান মহোদয়ের	০১. সাধারণ পরিচর্যা বিভাগ ০২. অর্থ বিভাগ। ০৩. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		<p>প্রকল্পসমূহের আওতাধীন যানবাহন ক্রয়ের পর উক্ত প্রকল্প পরিচালকগণের বিপরীতে বরাদ্দকৃত পুরাতন যানবাহন সাধারণ পরিচর্যা বিভাগের যানবাহন শাখায় জমা প্রাপ্তি সাপেক্ষে মাঠ পর্যায়ে পুনঃবন্টন করা হবে। সভাপতি সমাপ্ত প্রকল্পের গাড়িসমূহ সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তরের নিমিত্ত সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের নির্দেশনা প্রদান করেন এবং সমাপ্ত প্রকল্পের গাড়িসমূহ বিএডিসি'র TO&Eতে অন্তর্ভুক্ত করার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন। সমাপ্ত প্রকল্প ও রাজস্ব বাজেটের আওতাধীন সকল গাড়িসমূহ সাধারণ পরিচর্যা বিভাগ হতে বন্টন/পুনঃ বন্টন করার বিষয়ে সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন। এছাড়া, সভাপতি মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত সকল কর্মকর্তাদের গাড়ি বরাদ্দের জন্য সংশ্লিষ্ট উইং ও সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>অনুমোদনক্রমে গাড়িসমূহ বন্টন/পুনঃ বন্টন করতে হবে।</p> <p>খ. বিএডিসি'র মাঠ পর্যায়ে সকল প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি সরবরাহ করতে হবে।</p> <p>গ. বিএডিসি'র মাঠ পর্যায়ের গাড়িসমূহ প্রয়োজনীয় মেরামত/সার্ভিসিং এর জন্য বাজেট বরাদ্দ করতে হবে।</p>	
০৩.	সংস্থার নিজস্ব আয় বৃদ্ধিকরণ সংক্রান্ত।	<p>সভায় অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার) জানান যে, খামার বিভাগের আওতায় বিভিন্ন খামারে সর্বমোট ৩৫,০৭৫ কেজি ভার্মি কম্পোষ্ট উৎপাদন করা হয়েছে এবং ৩৬০০ কেজি বিক্রি করা হয়েছে। এছাড়া, উৎপাদিত ভার্মি কম্পোষ্ট খামারসমূহে ব্যবহৃত হচ্ছে। সভাপতি বিএডিসি'র আওতাধীন বিভিন্ন খামার/উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো-সার্ভিস সেন্টারসমূহে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের কর্মপরিকল্পনা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি বিএডিসি'র নিজস্ব আয় বৃদ্ধি করার জন্য অন্যান্য উৎস খোঁজার জন্য সংশ্লিষ্ট সকল উইং/বিভাগ/দপ্তরকে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ক. বিএডিসি'র নিজস্ব খামার/উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।</p> <p>খ. সংস্থার নিজস্ব আয় বৃদ্ধির বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p>	সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর।
০৪.	সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে	<p>মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে ক্রমান্বয়ে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে অন্তর্ভুক্ত করার কার্যক্রম</p>	<p>বিএডিসি'তে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে</p>	আইসিটি সেল, মনিটরিং বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
	‘বিএডিসি ভাবনা’ শীর্ষক গুপে অর্ন্তভুক্ত সংক্রান্ত।	চলমান রয়েছে। ২৪ জুলাই ২০১৯ তারিখ পর্যন্ত বিএডিসি ভাবনা এর সদস্য সংখ্যা ১৮৪৩ জন। বিএডিসি’র সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে ‘বিএডিসি ভাবনা’ শীর্ষক গুপে অর্ন্তভুক্ত হওয়ার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি ‘বিএডিসি ভাবনা’ শীর্ষক ফেসবুক গুপে গঠনমূলক আলোচনা, মতামত, কमेंট ও পোষ্ট দেয়ার জন্য বিএডিসি’র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন।	অর্ন্তভুক্ত হতে হবে।	
০৫.	মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা বৃদ্ধি সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, সংশোধিত বাজেট প্রাপ্তি সাপেক্ষে মাঠ পর্যায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রদান করা হবে। বিএডিসি’র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত সভাপতি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য ভ্রমণ ব্যয় এবং গ্যাস ও জ্বালানী খাতে বাজেট বৃদ্ধির জন্য অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি’র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে চাহিদা মাফিক বাজেট বরাদ্দ করতে হবে। খ. মাঠ পর্যায়ে গ্যাস ও জ্বালানী খাতে চাহিদা মাফিক প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করতে হবে।	অর্থ বিভাগ।
০৬.	বিএডিসি’র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত।	খামার ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি’র পাথিলা খামারের ভূমি রক্ষার্থে জলাভূমি এলাকায় (পদ্ম গঞ্জা বিল) সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ এর বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ এর বিষয়ে জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয় এবং স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভাপতি বিএডিসি’র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্ম গঞ্জা বিল) সীমানা নির্ধারণ ও খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণের বিষয়ে গঠিত কমিটিকে মতামত/সুপারিশসহ প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি’র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্ম গঞ্জা বিল) সীমানা নির্ধারণ ও খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণের বিষয়ে গঠিত কমিটিকে কর্তৃপক্ষ বরাবর সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ), খামার বিভাগ।
০৭.	উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদানের জন্য বিএডিসি ভাবনায়	নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের উপর ধারণা প্রদান করতে হবে। সর্বশ্রেষ্ঠ আইডিয়া প্রদানকারীকে	বিএডিসি’র সকল কর্মকর্তা ও কর্মচারী।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		<p>একাধিকবার নোটিশ দেয়া হয়। নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের ১১টি ধারণা পাওয়া গেছে। অংশিজনের সাথে সভা/মতবিনিময় কার্যক্রমের আওতায় সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে সংস্থার সেবা প্রদান ও দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে মাঠ পর্যায়ের ত্রৈমাসিক সমন্বয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উদ্ভাবনী উদ্যোগ ও সংস্থার সেবা/কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে মাঠ পর্যায়ের ও সদরদপ্তরের কর্মকর্তাগণকে ধারণা প্রদান করা হয়। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের ওপর ধারণা প্রদানের জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের ধারণা innovationidea@badc.gov.bd এ ঠিকানায় পেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>পুরস্কৃত করা হবে।</p>	
০৮.	নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত।	<p>সভায় বিভিন্ন বিভাগ হতে জানানো হয়, সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সর্বশেষ সিটিজেন চার্টারের ছক পূরণপূর্বক প্রদর্শন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ক. মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সর্বশেষ সিটিজেন চার্টারের ছক পূরণপূর্বক প্রদর্শন করতে হবে। খ. সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা, সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে।</p>	<p>সকল কর্মকর্তা ও কর্মচারী।</p>
০৯.	মাঠ পর্যায়ের অঞ্চলভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত।	<p>সভায় সমন্বয় বিভাগ হতে জানানো হয়, মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করা হচ্ছে। মাঠ পর্যায়ের সমন্বয় সভার কার্যবিবরণী সমন্বয় বিভাগে পাওয়া যাচ্ছে। সভাপতি মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে নিয়মিত সমন্বয় সভা করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।</p>	<p>মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।</p>	<p>যুগ্মপরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল)</p>

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
১০.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণ সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, বীজ ও উদ্যান উইং এর আওতায় ১০২২ জন, ক্ষুদ্রসেচ উইং এর আওতায় ৫৪৯ জন, সার ব্যবস্থাপনা উইং এর আওতায় ২২৫ জন, প্রশাসন উইং এর আওতায় ১৬৫ এবং অর্থ উইং এর আওতায় ২০৭ জন মোট ২১৬৮ জন কর্মকর্তা/কর্মচারীকে স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়েছে। সভাপতি মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
১১.	বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর বিস্তারিত আলোচনা করা হয়। বিএডিসি'র গবেষণা সেল হতে জানানো হয়, চলতি অর্থ বছরে বিএডিসিতে রাজস্ব অর্থায়নে ০৭টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দ ছিল ৮৭.০০ লক্ষ টাকা। জুন ২০১৯ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৮.৫১ লক্ষ টাকা এবং জুন ২০১৯ পর্যন্ত অব্যয়িত রয়েছে ৮.৪৯ লক্ষ টাকা। সভায় যুগ্মপরিচালক, গবেষণা সেল জানান যে, বিএডিসি'র গবেষণা খাতে বিএআরসি এবং কৃষি মন্ত্রণালয় হতে কোন অর্থ বরাদ্দ পাওয়া যাবে না এ ক্ষেত্রে বিএডিসি'র নিজস্ব তহবিল হতে গবেষণা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত রয়েছে। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে জোরদার করার জন্য বিএডিসি'র সকল গবেষককে অনুরোধ করেন। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে ফলপ্রসূ/অধিকতর জোরদার করতে হবে।	প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি।
১২.	বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহ	সভায় বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়, বোরন ও জিংক সালফেট	বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহের নিমিত্ত Concept Paper প্রণয়ন করতে হবে।	সার ব্যবস্থাপনা বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
	সংক্রান্ত।	সার আমদানির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে বিভিন্ন তথ্য চাওয়া হয়েছে। তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান যা অতি দ্রুত সম্পন্ন হবে। সংগৃহীত তথ্যের ভিত্তিতে দ্রুত Concept Paper প্রণয়ন করা হবে। সভাপতি বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহের নিমিত্ত Concept Paper প্রণয়ন এর জন্য সার ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
১৩.	বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের পোশাক পরিচ্ছেদ সমতা বিধান সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের মধ্যে পোশাক পরিচ্ছেদ সংক্রান্ত বৈষম্য দূরীকরণের জন্য সদস্য পরিচালক (অর্থ) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। সভায় মহাব্যবস্থাপক (অর্থ) জানান যে, সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের সভাপতিত্বে শীঘ্রই একটি সভা আহ্বান করা হবে। সভাপতি এ বিষয়ে দ্রুত প্রতিবেদন দাখিলের জন্য কমিটিকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের মধ্যে পোশাক পরিচ্ছেদ সংক্রান্ত বৈষম্য দূরীকরণের জন্য গঠিত কমিটিতে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে।	অর্থ বিভাগ।
১৪.	সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা নিষ্পত্তি সংক্রান্ত।	সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে, এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। সভাপতি বিএডিসি'র সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন সার গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা অপসারণের বিষয়ে গঠিত কমিটির মতামত/সুপারিশসহ প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিলের জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন সার গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা অপসারণের বিষয়ে গঠিত কমিটিকে মতামত/সুপারিশসহ কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।	০১. সার ব্যবস্থাপনা বিভাগ ০২. সংশ্লিষ্ট কমিটি।
১৫.	বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ	সার ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ বিষয়ে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষরে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের	বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলারশিপে নিবন্ধনের বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সার ব্যবস্থাপনা বিভাগ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
	সংক্রান্ত।	পরবর্তী নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হবে। সভাপতি এ বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সার ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
১৬.	বিএডিসি'র অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত।	সভায় অডিট বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে নিয়মিত সভা করা হয়। সভাপতি অডিট আপত্তি না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সজাগ থাকার আহ্বান জানান। সভাপতি দাপ্তরিক ক্রয় কার্যক্রম আর্থিক বিধিবিধানের আলোকে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি বিএডিসি'র সকল অডিট আপত্তি শ্রেণিকরণ করার জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. অডিট আপত্তির বিষয়ে মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানকে সজাগ থাকতে হবে। খ. বিএডিসি'র সকল অডিট আপত্তি শ্রেণিকরণ করতে হবে। গ. মাঠ পর্যায়ের অনিষ্পন্ন অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য ত্রৈমাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	০১. অডিট বিভাগ। ০২. সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান।
১৭.	বিএডিসি'র মামলাসমূহ পরিচালনা করার নিমিত্ত হাইকোর্টসহ জর্জকোর্টের আইনজীবীদের ফি বৃদ্ধিকরণ সংক্রান্ত।	সভায় আইন বিভাগ হতে জানানো হয়, বিএডিসি কর্তৃক প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম সম্পন্ন হলে পরিচালনা পর্ষদের মাধ্যমে আইনজীবীদের ফি বৃদ্ধি করা হবে। সভাপতি বিএডিসি'র মামলাসমূহ পরিচালনা করার নিমিত্ত হাইকোর্টসহ জর্জকোর্টের আইনজীবীদের ফি বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আইন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মামলাসমূহ পরিচালনা করার নিমিত্ত হাইকোর্টসহ জর্জকোর্টের আইনজীবীদের ফি বৃদ্ধি করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	০১. আইন বিভাগ। ০২. অর্থ বিভাগ।
১৮.	বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কর্মস্থলে যথাসময়ে উপস্থিত ও হাজিরা খাতায় স্বাক্ষর সংক্রান্ত।	সংস্থাপন বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কর্মস্থলে যথাসময়ে উপস্থিত ও হাজিরা খাতায় স্বাক্ষরের জন্য একটি অফিস আদেশ জারি করা হয়েছে। অফিস আদেশটি সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল বিভাগ/দপ্তরে প্রেরণ করা হয়েছে। সাধারণ পরিচর্যা বিভাগ সভাকে অবহিত করা হয় যে, হিসাব বিভাগ কর্তৃক বিএডিসি'র Integrated software প্রণয়ন এর কার্যক্রম চলমান	ক. বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। খ. সদর দপ্তর ও মাঠ পর্যায়ে বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালুকরণের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।	০১. সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগ। ০২. সাধারণ পরিচর্যা বিভাগ।


ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
		রয়েছে। Integrated software তৈরির কাজ শেষ হলে সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালু করা সম্ভব হবে। সভাপতি সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালুকরণের জন্য সংশ্লিষ্ট বিভাগ ও সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		

বিবিধঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত।	সভায় যুগ্মপরিচালক (কঃ গ্রঃ), বগুড়া চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগকে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। সভাপতি এ বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) ও সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ করার নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	০১. কঃ গ্রোঃ বিভাগ ০২. সংশ্লিষ্ট বিভাগ।
০২.	বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram অনুমোদন সংক্রান্ত।	বিএডিসি'র Reorganogram দ্রুত অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় যুগ্মপরিচালক (সওব্য) জানান যে, বিএডিসি'র নতুন Reorganogram অনুমোদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। অর্থ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে। সভাপতি রাখার জন্য সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram চূড়ান্ত অনুমোদনের বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ।
০৩.	আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (বগুড়া) এর অফিস ভবন মেরামত সংক্রান্ত।	সভায় আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (বগুড়া) তাঁর অফিস ভবন মেরামতের প্রস্তাব করেন। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী (বগুড়া) জানান যে, বাজেট প্রাপ্তি সাপেক্ষে আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (বগুড়া) এর অফিস ভবন প্রয়োজনীয় মেরামত/সংস্কার করা হবে। সভাপতি আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (বগুড়া) এর অফিস ভবন প্রয়োজনীয় মেরামত/সংস্কার এর নিমিত্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্মাণ বিভাগ ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।	আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (বগুড়া) এর অফিস ভবন প্রয়োজনীয় মেরামত/সংস্কার করতে হবে।	০১. নির্মাণ বিভাগ ০২. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০৪.	নির্ধারিত সময়ে বিএডিসি'র প্রকল্পসমূহ বাস্তবায়ন সংক্রান্ত।	সভায় বিএডিসি'র প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বিএডিসি'র প্রকল্পসমূহ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য গুরত্বারোপ করেন। সভাপতি বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ ও সকল প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি সার গুদাম নির্মাণের জন্য দ্রুত প্রকল্প প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত সার ব্যবস্থাপনা বিভাগ ও পরিকল্পনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. নির্ধারিত সময়ের মধ্যে গুণগত মান বজায় রেখে বিএডিসি'র প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে। খ. বিএডিসি'র প্রকল্পসমূহের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ/ভ্রমণ সংস্থান থাকলে তা জুন মাসের পূর্বেই সম্পন্ন করতে হবে। গ. সার গুদাম নির্মাণের জন্য দ্রুত প্রকল্প প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	০১. সংশ্লিষ্ট বিভাগ ০২. সকল প্রকল্প পরিচালক।

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ সায়েদুল ইসলাম)

চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

মাঠ পর্যায়ের সমন্বয় সভা।